REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 24-11-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) আগরতলা পুর নিগম সহ রাজ্যের ১৬টি পুর ও নগর সংস্থায় নির্বাচনের সরব প্রচার শেষ হচ্ছে আগামীকাল।

(২) রাজ্য নির্বাচন কমিশনার বলেছেন, পুর নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নির্বিঘ্নে সম্পন্ন করতে প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

(৩) কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, ভারতে চরম দারিদ্র্যের হার ২৭.১ শতাংশ থেকে কমে ২.৬ শতাংশে নেমে এসেছে।

(৪) পুলিশের মহা নির্দেশক জানিয়েছেন, পুর নির্বাচনে ২৪৪টি ভোটকেন্দ্র অতি স্পর্শকাতর।

****

Election-Campaign :

আগরতলা পুর নিগম সহ রাজ্যের ১৬টি পুর ও নগর সংস্থায় নির্বাচনের সরব প্রচার শেষ হচ্ছে আগামীকাল। বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে আজও রাজ্যের বিভিন্ন স্থানে মিছিল ও সভার আয়োজন করা হয়।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা পুর নিগমের ২০ নম্বর ওয়ার্ডের বিজেপি প্রার্থী রত্না দত্তের সমর্থনে সূর্য চৌমুহনী ও সেন্ট্রাল রোড এলাকায় প্রচারে অংশ নেন।

পুর পরিষদ নির্বাচন উপলক্ষ্যে আজ উদয়পুরে বিজেপি'র এক বাইক র‍্যালিতে অংশ নেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিজেপির গোমতী জেলা সভানেত্রী সবিতা নাগ।

বিজেপি'র উদ্যোগে আজ সন্ধ্যায় কৈলাশহরের পুরাতন মোটরস্ট্যান্ড প্রাঙ্গণে এক জনসভায় বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, বিজেপি'র ঊনকোটি জেলা সভাপতি বিমল কর প্রমুখ।

সাব্রুম শহরে সিপিআইএম-এর উদ্যোগে এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্যা কৃষ্ণা রক্ষিত, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

****

Election-Disability Voter :

অল ত্রিপুরা পার্সনস উইথ ডিজ্যাবিলিটি সংগঠনের পক্ষ থেকে আজ রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেনের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশনে দিব্যাঙ্গ ভোটারদের জন্য লোকসভা ও বিধানসভা নির্বাচনের মতো পুর নির্বাচনও বাড়িতে বসে ভোটদানের ব্যবস্থা চালু করার দাবি জানানো হয়। পাশাপাশি প্রতিটি ভোটকেন্দ্রে দিব্যাঙ্গ ভোটারদের জন্য র‍্যাম্প, হুইলচেয়ার এবং প্রয়োজনীয় সহযোগিতার ব্যবস্থা নিশ্চিত করার দাবি জানানো হয়।

****

State Election Comissioner :

রাজ্য নির্বাচন কমিশনার প্রদীপ কুমার চক্রবর্তী বলেছেন, রাজ্যে আসন্ন পুর নির্বাচনে অবাধ, সুষ্ঠু ও নির্বিঘ্নে ভোটগ্রহণ সম্পন্ন করতে প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি আজ ঊনকোটি জেলা ও উত্তর জেলায় পুর নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখার পর সাংবাদিকদের একথা জানান। রাজ্য নির্বাচন কমিশনার শ্রী চক্রবর্তী আজ কৈলাশহর সার্কিট হাউসে এক পর্যালোচনা বৈঠকে কৈলাশহর ও কুমারঘাট পুর পরিষদের নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখেন। বৈঠকে জেলা নির্বাচনী

আধিকারিক তথা জেলাশাসক মেঘা জৈন, পুলিশ সুপার ঋষভ, রিটার্নিং অফিসার, সেক্টর অফিসার ও পুলিশের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজ্য নির্বাচন কমিশনার কৈলাশহরে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়েও আজ এক বৈঠক করেন। তিনি ঊনকোটি জেলায় ভোট গ্রহণের প্রস্তুতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং ভোটারদের নির্ভয়ে তাদের গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আবেদন জানান। উল্লেখ্য, আগামী ২৭শে নভেম্বর কৈলাশহর পুর পরিষদের ১৭টি আসনের ২০টি ভোট কেন্দ্রে এবং কুমারঘাট পুর পরিষদের ১৫টি আসনের পনেরোটি ভোট কেন্দ্রে ভোটগ্রহণ করা হবে।

রাজ্যে নির্বাচন কমিশনার আজ ধর্মনগরে উত্তর জেলার জেলাশাসকের কার্যালয়েও এক পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। ওই বৈঠকে তিনি ধর্মনগর পুর পরিষদ ও পানিসাগর নগর পঞ্চায়েতের ভোট গ্রহণের প্রস্তুতি খতিয়ে দেখেন। উপস্থিত ছিলেন উত্তর জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, পুলিশ সুপার অভিনাশ রাই, রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী ও ডি.এল হালাম। এরপর তিনি বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে বৈঠক করেন।

****

Quiz-Election :

খোয়াই জেলা প্রশাসনের নির্বাচন শাখার উদ্যোগে বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ২২ দিনব্যাপী ক্যুইজ ও প্রবন্ধ প্রতিযোগিতা আজ শেষ হয়েছে। নির্বাচন সংক্রান্ত বিষয়ে এই প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে আজ পুরস্কার বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী।

****

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে নভেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হতে যাচ্ছে 'মন-কি-বাত' এর ১৪০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800-তে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামী ২৭শে নভেম্বর রাত ১১টা ৪৫ মিনিট পর্যন্ত।

****

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ মহারাজগঞ্জ বাজারে আয়োজিত শ্রী শ্রী গৌরাঙ্গ মহাপ্রভু মহোৎসবে উপস্থিত ছিলেন। তিনি শ্রী চৈতন্য রাধাকৃষ্ণ মন্দিরে প্রার্থনা করেন এবং আশীর্বাদ গ্রহণ করেন। এরপর তিনি সংকীর্তন দলের সঙ্গে ভক্তিপূর্ণ নাম-কীর্তনে অংশ নেন।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সিধাইয়ের বরকাঠালে 'গুরু ভজন ভবন'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উপস্থিত ছিলেন শান্তি কালী আশ্রমের পদ্মশ্রী চিত্তরঞ্জন মহারাজ ও শান্তি কালী আশ্রম কমিটির সাধারণ সম্পাদক সুকেশ কলই।

****

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****

Central Agriculture Minister :

কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, ভারতে চরম দারিদ্র্যের হার ২৭.১ শতাংশ থেকে কমে ২.৬ শতাংশে নেমে এসেছে এবং প্রায় ৫০ কোটি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। বিশ্বব্যাংকের একটি সাম্প্রতিক প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে শ্রী চৌহান বলেন, সরকারের পরবর্তী কাজ হলো যারা দারিদ্র্যসীমার উপরে উঠে এসেছেন তারা যেন পুনরায় দারিদ্র্যে ফিরে না যান তা নিশ্চিত করা এবং একইসঙ্গে যারা এখনও পেছনে রয়ে গেছেন তাদের জীবনযাত্রার মান উন্নত করা।

****

DG-Press Meet :

রাজ্য পুলিশের মহা নির্দেশক জি.এস রাও আজ সাংবাদিক সম্মেলনে বলেছেন, ১৬টি পুর সংস্থার ভোট নির্বিঘ্নে সম্পন্ন করতে রাজ্য পুলিশ সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। ভোটে নিরাপত্তার জন্য ৫৭০০ জন TSR জওয়ান এবং ১৫০০ পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে। ১৪ কোম্পানি সিআরপিএফ জওয়ানদের বিভিন্ন স্পর্শকাতর এলাকায় মোতায়েন করা হয়েছে। তাছাড়া অতিরিক্ত আরো ২৫ কোম্পানি কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী নিরাপত্তার দায়িত্বে থাকবে। এরমধ্যে ১২ কোম্পানি জওয়ান ইতিমধ্যে রাজ্যে এসে পৌঁছে গেছে। বাকি ১৩ কোম্পানি সিআরপিএফ জওয়ান বিশেষ ট্রেনে আগামীকাল ভোরের মধ্যেই রাজ্যে পৌঁছে যাবার কথা রয়েছে।

পুলিশের মহা নির্দেশক আরো জানান, পুর নির্বাচনে ২৪৪টি ভোটকেন্দ্রকে অতি স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করা হয়েছে। এরমধ্যে আগরতলা পুর নিগম এলাকায় ৯৯টি ভোট কেন্দ্র অতি স্পর্শকাতর।

****

Guru Nanak Jayanti :

শিখ ধর্মের প্রতিষ্ঠাতা গুরু নানক দেবের ৫৫৭তম প্রকাশ পরব আজ দেশজুড়ে ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহে উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে দেশে ও বিদেশে বসবাসকারী ভারতীয়দের শুভেচ্ছা জানিয়েছেন।

****

PM-KARTIK PURNIMA :

আজ পবিত্র কার্তিক পূর্ণিমা এবং দেব দীপাবলি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় পবিত্র স্নান, দান ও পুণ্যকর্ম এবং দীপদান সমৃদ্ধ এই ঐতিহ্য সবার জীবনে শ্রদ্ধা, বিশ্বাস অটুট থাকবে বলে তিনি প্রত্যাশা করেন।

****

Daak Adalat :

ডাক পরিষেবা ও ডাক বিভাগের পেনশন সংক্রান্ত সমস্যার নিষ্পত্তিতে আগামী চৌঠা ডিসেম্বর আগরতলায় আঞ্চলিক স্তরে ‘ডাক আদালত’ ও ‘পেনশন আদালত’ বসতে চলেছে। উত্তর-পূর্ব-১ সার্কেলের পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়ে এই দুই আদালতেরই শুনানি হবে।

অভিযোগকারীরা সাধারণ ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে তাদের অভিযোগ পাঠাতে পারবেন। খামের উপরে সংশ্লিষ্ট আদালতের নাম উল্লেখ করে পোস্টমাস্টার জেনারেল, উত্তর-পূর্ব-১ সার্কেল, আগরতলা-৭৯৯০০১ এই ঠিকানায় আগামী দোসরা ডিসেম্বরের মধ্যে পাঠাতে হবে।

****

Weather :

আগামী ২৪ ঘন্টায় আকাশ মেঘাচ্ছন্ন থাকবে ও কিছু স্থানে ভোরের দিকে ঘন কুয়াশা পড়তে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রী সেলসিয়াস।

****